

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, সলিসিটর উইং, প্রশাসন শাখা-১
সলিসিটর কার্যালয়ের নতুন ভবন
বাংলাদেশ সুপ্রীম কোর্ট থাঙ্গন, ঢাকা।
(www.lawjusticediv.gov.bd)

পত্র নং ১০.০০.০০০০.১৩৩.৫৬.০১০.২০১৪-০২

৩০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ

তারিখঃ -----

১৩ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল মামলার রায়ের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রীট মামলা দায়ের করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়/বিভিন্ন সংস্থা হতে অত্র সলিসিটর উইংয়ে প্রস্তাব প্রেরণ করা হচ্ছে এবং প্রেরিত মামলার প্রস্তাবের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাপ্তি আইনের বিধান অনুযায়ী ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল গঠন করা হয়নি। ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল গঠন এবং তদসংক্রান্ত আইন সংশোধনের বিষয়টি প্রক্রিয়াব্ধীন আছে। এমতাবস্থায়, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলার রায়ের বিরুদ্ধে হাইকোর্টে রীট মামলা দায়ের করা হলে মামলার সংখ্যা বৃদ্ধিসহ নানা ধরণের জটিলতা সৃষ্টি হবে। সরকারী অর্থের অপচয়সহ জনভোগান্তির সৃষ্টি হবে।

এমতাবস্থায়, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলার রায়ের বিরুদ্ধে আপীল মামলা দায়েরের ক্ষেত্রে ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল গঠন না হওয়া পর্যন্ত প্রাপ্ত প্রস্তাবসমূহ বিবেচনাব্ধীন রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
সহকারী সচিব(প্রশাসন-১)
ফোন: ৫৫১০৩৯৪(অফিস)।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ-সলিসিটর, দেওয়ানি/রীট, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
- ৩। জেলা প্রশাসক(সকল)-----।
- ৪। সিনিয়র সহকারী সচিব, দেওয়ানি-১/২/রীট-১/২ সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। প্রেস্টার্মার, আইন ও বিচার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
- ৮। অফিস কপি।